R. N. No 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
অফসেটে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

সকলের প্রিয় এবং মুখরোচক
স্পেশাল লাড্ডু
ও
শ্লাইজ ব্রেডের
জনপ্রিয় প্রতিষ্ঠান
সতীমা বেকারী
মির্জাপুর
পোঃ ঘোড়শালা (মুর্শিদাবাদ)

৭৩শ বর্ষ.
৬৩৭ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৭ই মাঘ বুধবার, ১৩৯৩ সাল।
২১শে জানুয়ারী, ১৯৮৭ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০্ সডাক

## ১২৫তম রবীন্দ্র জন্ম জয়ন্তী অনুষ্ঠান অনেক মানুষকে হতাশ করেছে

রঘুনাথগঞ্জ : পশ্চিমবঙ্গ সরকারের ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগের উদ্যোগে এবং মুর্শিদাবাদ জেলা উৎসব কমিটির পরিচালনায় রবীন্দ্রনাথের ১২৫তম জন্ম জয়ন্তী উৎসব অনুষ্ঠিত হয় স্থানীয় কোর্ট ময়দানে। গত ১৩ জানুয়ারী বিভিন্ন প্রতিষ্ঠানের সদস্যদের এক শোভাযাত্রা শহর পরিক্রমা করে। ১৬ হতে ১৮ জানুয়ারী প্রদর্শনী এবং বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে কবিগুরুর জন্ম জয়ন্তী উৎসব পালন করা হয়। এই জন্মোৎসবকে কেন্দ্র করে জেলাস্তরে যে সমস্ত প্রতিযোগিতা হয়েছিল সে সব প্রতিযোগিতার সফলকাম প্রতিযোগিদের এই অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করা হয়। উৎসবের উদ্বোধন করেন জেলা সভাধিপতি নির্মল মুখোপাধ্যায় এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পৌরোহিত্য এবং পুরস্কার দান করেন জেলা শাসক সমীর ঘোষ। এই উৎসবানুষ্ঠানকে কেন্দ্র করে জনসাধারণের মধ্যে বিপুল উৎসাহ এবং উদ্দীপনা লক্ষ্য করা যায়। উৎসবের তিনটি দিনকে সাম্রাজ্যবাদ বিরোধী দিবস, বিচ্ছিন্নতাবাদ ও সাম্প্রদায়িকতা বিরোধী দিবস এবং শিক্ষা দিবসরূপে ধার্য্য করে আলোচনা সভারও আয়োজন করা হয়।

অনুষ্ঠানের প্রধান অঙ্গ প্রদর্শনী অঙ্গনটি দর্শকদের আনন্দ দেয়। কিন্তু বুদ্ধিজীবীদের অনেকের অভিযোগ, প্রদর্শনীতে জঙ্গিপুর মহকুমার বিখ্যাত রেশম, পশম এবং খাদি গ্রামোদ্যোগ সংস্থার কোন ষ্টল না থাকায় তাঁরা বিস্মিত হয়েছেন। উৎসবের তিনদিন বিভিন্ন সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করে সাধারণকে আকৃষ্ট করার চেষ্টা হয়েছে, কিন্তু জঙ্গিপুরের আদিবাসী নৃত্যগীত প্রদর্শনের কোন ব্যবস্থা গৃহীত হয়নি। সাগরদীঘি থানার আদিবাসী সম্প্রদায়ের এক মুখপাত্র জানান—শান্তিনিকেতনে যে কোন সাংস্কৃতিক অনুষ্ঠানে আদিবাসী নৃত্যগীত প্রদর্শনের জন্য তাঁরা আমন্ত্রণ পান, কিন্তু জেলার এতবড় রবীন্দ্র উৎসবে (৬ষ্ঠ পৃষ্ঠায়)

## পুরবাসীদের স্বার্থেই রাস্তায় পাথর বোঝাই ট্রাক চলাচল বন্ধ রাখা হয়েছে—চেয়ারম্যান

জঙ্গিপুর : স্থানীয় পৌরসভার চেয়ারম্যানের আদেশ বলে পৌরসভার রাস্তায় বোল্ডারের ট্রাক চলাচল বন্ধ হলো। সংবাদে জানা যায়, মিঠিপুর অঞ্চলে ভাঙ্গন প্রতিরোধের কাজ পুরোদমে চলছিল এবং গাড়ীঘাট থেকে বরোজের রাস্তা দিয়ে বোল্ডার বোঝাই ট্রাকগুলি চলাচল করছিল। কিন্তু হঠাৎ কোন রকম সতর্ক না করেই চেয়ারম্যান ফতোয়া জারী করেন ঐ রাস্তায় বোল্ডার বোঝাই ট্রাক চলাচল আইনত নিষিদ্ধ হলো। ফলে ভাঙ্গন প্রতিরোধের ত্বরিতগতি সূচনাতেই স্তব্ধ হয়ে গেল। ভারপ্রাপ্ত ঠিকাদার সংস্থা এ ব্যাপারে চেয়ারম্যানের সাথে দেখা করলে এবং তাঁর আদেশ প্রত্যাহারে অনুমতি চাইলে তিনি জানান—শহরের রাস্তাগুলি অত ভারী বোঝাই ট্রাক চলাচল করলে নষ্ট হয়ে যাবে। তাই তিনি এই আদেশ দিতে বাধ্য হয়েছেন। ঠিকাদারী সংস্থা থেকে তাঁকে জানান হয়, বোল্ডার বয়ে নিয়ে যাবার আর কোন বিকল্প পথ নেই; তদুপরি পুরসভার আইনে এমন কোন ধারা নেই যাতে লাইসেন্সপ্রাপ্ত ট্রাকের সঠিক পরিমাণ লোড নিয়ে পথ চলাচলে তিনি কোন আদেশ দিতে পারেন। চেয়ারম্যান নাকি তাঁদের সব যুক্তি নাকচ করে ঐ আদেশ বহাল থাকার কথা জানান। তিনি নাকি আরোও বলেন, যদি ঠিকাদারী সংস্থা কাজ শেষে রাস্তা সংস্কারের জন্য পরিমাণমত 'ডোনেশান' পুরসভাকে দিতে রাজী থাকেন তবে তিনি তাঁর আদেশ পুনর্বিবেচনা করতে পারেন। ঠিকাদারী সংস্থা এই কথায় সম্মত হন না। ফলে ভাঙ্গন প্রতিরোধের কাজ বর্তমানে একেবারে বন্ধ। এই ঘটনায় মিঠিপুর অঞ্চলের ক্ষতিগ্রস্ত (৬ষ্ঠ পৃষ্ঠায়)

## তিন বছর ধরে ম্যানেজারদের বেতন বন্ধ

জঙ্গিপুর : সমবায় সমিতির কমন ক্যাডারভুক্ত ম্যানেজাররা প্রায় তিন বছর থেকে কোন বেতন পাচ্ছেন না বলে খবর। তাঁদের একজন মুখপাত্র জানান, তাঁদের মাস মাহিনা মাত্র ২৫০ টাকা। মাসে মাসে মুর্শিদাবাদ সেন্ট্রাল কোঃ অঃ ব্যাঙ্কে সেই টাকা জমা হয় এবং সেখান থেকেই তাঁদের দেবার কথা। কিন্তু কোঃ অঃ ব্যাঙ্কের কর্মীদের অবহেলা ও গাফিলতির জন্যই তাঁরা আজ তিন বছর ধরে কোন বেতন পাননি। তাঁরা অভিযোগ করেন; তাঁদেরকে রীতিমত স্ক্রিনিং করে ঐ পদে নিয়োগ করা হয়েছে। তবু ঐ সামান্য মাস মাহিনা ঠিকমত দেওয়া হচ্ছে না। এই ঘটনা তাঁরা ব্যাঙ্কের ডিরেক্টরকেও জানিয়েছেন তথাপি আজ পর্যন্ত কোন সুষ্ঠু ব্যবস্থা হল না।

## ফরওয়ার্ড ব্লকের মিছিলে সি পি এমের হামলা

ধুলিয়ান : গত ১৭ জানুয়ারী সমসেরগঞ্জ থানার বাবুপুর গ্রামে ফরওয়ার্ড ব্লকের একটি মিছিল সি, পি, এমের সমর্থকদের দ্বারা আক্রান্ত হয়। আক্রমণের তীব্রতায় ফরওয়ার্ড ব্লকের ৪ জন আহত হন। খবরে প্রকাশ, এই ঘটনার দু'দিন পূর্বে ১৫ জানুয়ারী জমির বিরোধকে কেন্দ্র করে উভয় দলের সংঘর্ষে সি, পি, এমের প্রভাবশালী স্থানীয় নেতা আবুল হোসেনের বাবা, কাকা ও আরো কয়েকজন সমর্থক সাংঘাতিকভাবে আহত হন। তাঁরা এখনও হাসপাতালে রয়েছেন। সি, পি, এমের বক্তব্য, ফরওয়ার্ড ব্লক দলবৃদ্ধির স্বার্থে কংগ্রেসী জোতদারদের পক্ষ অবলম্বন করে প্রকৃত চাষীদের বঞ্চিত করছে। তাঁরা প্রকৃত চাষীদের পক্ষ অবলম্বন করায় ফরওয়ার্ড ব্লকের এই জাত ক্রোধ। ফরওয়ার্ড ব্লক অভিযোগ করে—সি, পি, এম বড় পার্টি সুলভ (৬ষ্ঠ পৃষ্ঠায়)

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০ টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৭ই মাঘ বুধবার, ১৩৯৩ সাল

## বেকারত্ব

পশ্চিমবঙ্গের যুব-বেকারত্ব ক্রমশঃ এত অধিক বাড়িয়া চলিয়াছে, যাহার জন্য আজিকার সাধারণ মানুষ, বিশেষ করিয়া যাঁহারা তপশীলী জাতি বা উপজাতি নহেন, যাঁহাদের ভূমিকৌলন্য নাই এবং যাঁহারা প্রত্যক্ষভাবে কোনও রাজনৈতিক দলের ছাপমারা নহেন, একেবারেই নিতান্ত অদক্ষিণে-আনিতে-বামে-কুলায় না-গোছের মানুষ—তাঁহারাই আজ চরম সঙ্কটাপন্ন অবস্থায় উপনীত। স্কুল ফাইনাল পাশ হইতে আরম্ভ করিয়া বিশ্ববিদ্যালয়ের ছাপ মারা যুবকেরা দিনের পর দিন বেকারত্বের জ্বালায় জর্জরিত হইতেছেন।

হতভাগ্য এই শ্রেণীর যুবকদের মর্মজ্বালা উপলব্ধি করিবার ক্ষমতা আজ রাষ্ট্রযন্ত্র পরিচালকদের থাকিলেও কাজের কাজ কিছু হইতেছে না। ইঁহাদের ব্যবসায়ে নামিবার পুঁজি নাই, ব্যাঙ্ক হইতে কর্জ লইয়া কিছু যদি বা করিতে চাহেন, কর্জ লইবার যে সিকিউরিটি তাহা তাঁহাদের নাই। চাকরির ক্ষেত্রে বহু বাধাবিঘ্ন। প্রথমতঃ বর্ণ হিন্দু হওয়ায় কিছু অন্তরায় আসিয়া পড়িয়াছে। তপশীলী জাতি ও উপজাতি যে সুযোগ লাভ করিতেছেন, সেই সুবাদে ধনী-নির্ধন নির্বিশেষে তপশীলী সম্প্রদায়ভুক্তির সুযোগ লইয়া সহজেই চাকরি জুটাইয়া লইতেছেন। তবে সরকারী এই মহৎ প্রচেষ্টায় অনেক ক্ষেত্রেই দেখা যাইতেছে যে, লক্ষ্মীর দাক্ষিণ্যপ্রাপ্ত তপশীলী সম্প্রদায়ের অনেকেই কর্মপ্রাপ্তিতে ভাগ্যবান হইতেছেন, অথচ এই সম্প্রদায়ের দরিদ্র যাঁহারা, তাঁহারা সুযোগ ততটা পান না।

প্রচণ্ড আঘাত আসিয়া পড়িয়াছে সেই সব বেকার যুবকদের উপর, যাঁহারা আধুনিক রাজনীতির গতি-প্রকৃতির সঙ্গে নিজেদের মিলাইতে না পারিয়া দূরে রহিয়াছেন এবং দারিদ্র সীমার নীচে কোনক্রমে আত্মরক্ষা করিতেছেন। গরিব দরদি বামফ্রন্ট সরকার মাসিক ৫০ টাকা বেকার ভাতা দান করিয়া নিজেদের অক্ষমতা ঢাকা দিবার চেষ্টা করিতেছিলেন; 'কিন্তু বিধাতা দেন তো দাতার হাত সরে না' গোছের ব্যবস্থায়, প্রশাসন কর্তাদের গড়িমসিতে সেই ভাতাও ঠিকমত কাহারও ভাগ্যে জুটিতেছে না। পাঁচ হাজার বা পঁচিশ হাজার টাকা ব্যাঙ্ক লোন দেবার ঢক্কানিনাদিত ঘোষণা বেকার-মনে আশার আলো জ্বালিলেও সেই ব্যাঙ্কলোন পাইবার যোগ্যতার মাপকাঠি ও রাজনৈতিক পৃষ্ঠপোষকতা ও উর্দ্ধতন প্রশাসনিক কর্তৃত্বের নিকট ক্রীতদাসস্বরূপ আত্মনিবেদনের ক্ষমতা সেখানেও বিভিন্ন ধরনের দুর্নীতির বেড়াজালে সরকারি নির্দেশ অতলে তলাইতেছে। দুঃখীর দুঃখ দূর হবার কোন লক্ষণ পরিলক্ষিত হইতেছে না। যাহার আছে তাহারই ভাগ্যে আরো জুটিতেছে। দরিদ্র বেকার বেকারত্বের জ্বলা বুকে লইয়া বেড়াইতেছেন। তাঁহাদের শুষ্কমুখে হাসি ফুটাইবার কোন ব্যবস্থাই দেখা যাইতেছে না।

## সার্বিক গ্রামীণ উন্নয়ন প্রকল্প থেকে বড়শিমুল বাদ

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ ২ নং পঞ্চায়েত সমিতির সার্বিক গ্রামীণ উন্নয়ন প্রকল্প থেকে বড়শিমুল গ্রামকে বাদ দেওয়ার অভিযোগে গ্রামবাসীদের মধ্যে বিক্ষোভ দানা বাঁধছে। গ্রামবাসীদের অনৈক মুখপাত্র জানান, কেন তাঁরা এই প্রকল্পের আওতা থেকে বাদ পড়লেন বুঝতে পারছেন না। তাঁরা মনে করেন ঘটনাটি রাজনৈতিক বিদ্বেষ প্রসূত। উল্লেখ্য, ২ নং পঞ্চায়েত সমিতিতে কংগ্রেস ( ই ) দলেরই প্রাধান্য র'য়েছে। কিন্তু অন্যান্য রাজনৈতিক দলগুলির নীরবতার কারণও গ্রামবাসীরা বুঝতে অক্ষম। সম্প্রতি গ্রামের মানুষজন এ ব্যাপারে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করার উদ্যোগ নিয়েছেন বলে জানা যায়।

## বে-আইনী বিদ্যুৎ সংযোগ কেটে দেওয়া হ'লো

সংবাদদাতা : জঙ্গিপুর বাসষ্ট্যাণ্ডের আশে পাশে অস্থায়ী দোকানদারেরা দীর্ঘদিন ধরে বেআইনী বিদ্যুৎ সংযোগের সাহায্যে আলো জ্বালাচ্ছিলেন। সম্প্রতি গণ বিদ্যুৎ চুরি বন্ধ করতে তৎপর হ'য়ে দপ্তরের কর্মীরা এই সংযোগগুলি কেটে দিয়ে যান। গণ-বিদ্যুৎ চুরি প্রসঙ্গে আমাদের পত্রিকায় বেশ কিছুদিন ধরে লেখা হচ্ছিল। এতদিনে কর্মকর্তাদের ঘুম ভেঙ্গেছে বোঝা যায়। এখনও বালিঘাটায় লোকদীপ প্রকল্পের সুযোগ নিয়ে ব্যাপক হারে বিদ্যুৎ চুরির অভিযোগ আমাদের দপ্তরে র'য়েছে। কিন্তু কোন্ অজ্ঞাত কারণে বিদ্যুৎ বিভাগ সে সুযোগ বন্ধ করতে চায়ছেন না তা বোধগম্য হচ্ছে না।

## খেলার খবর

বহরমপুর : স্থানীয় স্কোয়ার ফিল্ডে রাজ্য-অ্যাথেলেটিক্স্ প্রতিযোগিতা গত ৪ থেকে ৭ জানুয়ারী বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্যে সমাপ্ত হ'ল। পুরুষ বিভাগে মোহনবাগান এবং মহিলা বিভাগে ইষ্টার্ণ রেল দলগত চ্যাম্পিয়ন হয়। মুর্শিদাবাদ জেলার প্রতিযোগীদের মধ্যে লালবাগ মহকুমার কুমারী যূথিকা সরকার বালিকা বিভাগের ১৫০০ মিঃ দৌড়ে প্রথম এবং জঙ্গিপুর মহকুমার নবভারত স্পোর্টিং ক্লাবের আব্দুর রহিম শটপাটে প্রথম এবং জ্যাভেলিন ও ডিসকাস নিক্ষেপে তৃতীয় স্থান লাভ করে কৃতিত্বের স্বাক্ষর রাখেন। অনুষ্ঠানে বিশেষ অতিথিরূপে উপস্থিত ছিলেন 'উড়ন্ত শিখ' মিলখা সিং।

## বাস-এ্যামবাসাডার সংঘর্ষ

আহিরণ : গত ১১ জানুয়ারী রাত্রি দুটো নাগাদ মহেশাইল স্বাস্থ্যকেন্দ্রের কাছে মালদহ থেকে আসা একটি বাস দাঁড়িয়ে থাকা একটি এ্যামবাসাডারের উপর এসে পড়ে। সংঘর্ষে এ্যামবাসাডারের তিনজন যাত্রী আহত হয়। তাদের মধ্যে একজনকে গুরুতর অবস্থায় বহরমপুর হাসপাতালে পাঠিয়ে দেওয়া হয়। সংবাদে জানা যায়, মল্লারপুরে হেমামালিনী নাইট এর প্রচার করতে এ্যামবাসাডারটি ফরাক্কা যাবার পথে মহেশাইল স্বাস্থ্য-কেন্দ্রের নিকট খারাপ হ'য়ে যায়। ঐ অবস্থাতে পিকনিক ফেরতা বাসটি এ্যামবাসাডারের উপর এসে পড়ে।

## সৈনিক স্কুলে ভর্তি

জেলা তথ্য দপ্তর জানাচ্ছেন— ষষ্ঠ শ্রেণীতে ভর্তির জন্য ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষের প্রবেশিকা পরীক্ষা আগামী ২১শে ও ২২শে ফেব্রুয়ারী ( ১৯৮৭ ) অনুষ্ঠিত হইবে। ছাত্রদিগের বয়স সীমা দশ হইতে এগার বৎসরের মধ্যে। পশ্চিমবঙ্গের কলিকাতা, বর্দ্ধমান, পুরুলিয়া কেন্দ্রসমূহে পরীক্ষা গৃহীত হইবে। নিয়মাবলীসহ ভর্তির দরখাস্ত প্রিন্সিপ্যাল সৈনিক স্কুল, পুরুলিয়া ১৫ ( পনের টাকা ) মূল্যের পোষ্টাল অর্ডার ডাকযোগে পাঠাইলে অথবা বিদ্যালয়ের কার্যালয় হইতে ১০ ( দশ টাকা ) মূল্যের পরিবর্তে পাওয়া যাইবে। আবেদন পত্র জমা লইবার শেষ তারিখ ৩১শে জানুয়ারী ১৯৮৭।

## গ্রাহকদের অজান্তেই ব্যাঙ্কে গ্রাহক দিবস হচ্ছে

রঘুনাথগঞ্জ : ব্যাঙ্কের কাজকর্মের উন্নতির জন্য সরকারী নির্দেশে প্রতিটি ব্যাঙ্কে মাসে একদিন 'গ্রাহক দিবস' পালনের ব্যবস্থা হ'য়েছে বলে জানা যায়। নিয়মানুযায়ী বেশ কিছু গ্রাহককে চিঠি দিয়ে নির্দিষ্ট দিন ব্যাঙ্কে আমন্ত্রণ জানিয়ে তাঁদের সুবিধা অসুবিধার কথা আলোচনার মাধ্যমে কেমন করে তা দূর করা যায় তার পর্য্যালোচনা করা। কিন্তু গ্রাহকদের অভিযোগ কোন ব্যাঙ্কই তাঁদের সাথে যোগাযোগ করেন না। কয়েকজন নির্দিষ্ট গ্রাহককে ডেকে দায়সারা গোছের গ্রাহক-দিবস উদযাপন করা হয়। ফলে সরকার যে কারণে অনুষ্ঠানের আয়োজন করেছেন তা পুরোপুরি ব্যর্থ হয়। স্থানীয় জনসাধারণ এরূপ অনুষ্ঠান করার ব্যাঙ্কে যে নিয়ম আছে তাই জানেন না। অধিকাংশ গ্রাহকদের অজান্তে গ্রাহক দিবস পালনের সার্থকতা কোথায়, বরং সরকারি অর্থের অপচয় ক'রে ব্যাঙ্ক কর্তৃপক্ষ কতিপয় নির্দিষ্ট মনের মানুষের আপ্যায়ন করার সুযোগ নিচ্ছেন বলে কিছু ক্ষুব্ধ গ্রাহকের অভিমত। তাঁরা মনে করেন ব্যাঙ্কের তরফে উপযুক্ত প্রচার করে গ্রাহক দিবস পালন করলে তাঁরাও আলোচনায় যোগ দিয়ে সুবিধা অসুবিধার কথা কর্তৃপক্ষকে জানাতে পারেন।

## কর্মকর্তা পরিষদ বাতিল এ্যাডমিনিস্ট্রেটার নিয়োগ

ফরাক্কা: পঃ বঃ সরকারের সমবায় দপ্তরের নির্দেশে (নং ৫২০৫/সি. ও. সি. এন/সি./৩ পি.—১২/৮৬) ফরাক্কা থানা এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিমিটেডের কর্মকর্তা পরিষদ বাতিল বলে ঘোষিত হ'য়েছে। এই সোসাইটিতে এখন এ্যাডমিনিস্ট্রেটার নিযুক্ত করা হবে। এ্যাডমিনিস্ট্রেটারের উপদেষ্টা কমিটিতে থাকছেন ফরওয়ার্ড ব্লকের নেতা মোঃ সাজাহান আলি চেয়ারম্যান হিসাবে। তাছাড়া সমবায় বিভাগের সি. আই; ব্লক পঞ্চায়েতের সুজিত মুন্সী, ব্লক পঞ্চায়েতের সভাপতি এবং মোঃ জোহরুল হক। উল্লেখ্য, পূর্বতন কমিটির চেয়ারম্যান ছিলেন ক পঞ্চায়েত সভাপতি সি, পি, এম, সদস্য তারিকুল ইসলাম। নির্দেশে বলা হ'য়েছে এই ব্যবস্থা আগামী ১৮ অক্টোবর ১৯৮৮ পর্যন্ত বহাল থাকবে।

## স্বাস্থ্যকেন্দ্রে নরকের পরিবেশ

অনুপনগর (ধুলিয়ান): স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রের অপরিচ্ছন্ন পরিবেশ রোগীদের আতঙ্কের কারণ হয়ে দাঁড়িয়েছে। স্বাস্থ্যকেন্দ্রের ওয়ার্ডগুলোর ময়লা আবর্জনা পরিষ্কার করার কোন ব্যবস্থা নেওয়া হয় না। অথচ ঝাড়ুদার ও মেথর বহাল তবিয়তে মাসের মাস মাইনা নিচ্ছে। অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যেই সহায় সম্বলহীন রোগীদের বাধ্য হয়ে থাকতে হয়। অন্যদিকে রোগী ভর্তি করতে গেলেও নাকি প্রণামী ছাড়া কাজ হয় না বলে স্থানীয় মানুষেরা অভিযোগ করেন। তাঁরা আরো জানান, কোন ওষুধই ঠিকমত এখান থেকে দেওয়া হয় না। স্বাস্থ্যকেন্দ্রের ওষুধ গোপনে বাইরে বিক্রীর অভিযোগও তাঁরা রাখেন।

## প্লাটফরম বে-দখল

সাগরদীঘি: স্থানীয় রেলষ্টেশনের প্লাটফরম বেদখল ক'রে দিনের পর দিন ধান, গম, পাট শুকানো হচ্ছে। যাত্রীরা প্রতিবাদ করলে বে-দখলকারীরা অপমানজনক কথা বলে ও যাত্রীদের সাথে ঝগড়া করে। এ ব্যাপারে অভিযোগ করলে ষ্টেশনমাষ্টার জানান, তিনি উর্দ্ধতন কর্তৃপক্ষকে সব ঘটনা জানিয়েছেন, কিন্তু কোন ব্যবস্থা গৃহীত হয়নি। যাত্রীরা জানালেন, ট্রেন থেকে নামতে উঠতে ধান গমে পা সড়কে বেশ কিছু যাত্রী এর মধ্যে আহতও হয়েছেন। যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনাও ঘটে যাওয়া আশ্চর্যজনক নয়।

## ভারতীয় গণনাট্য সংঘ জঙ্গিপুর শাখা প্রথম স্থানে

সংবাদ দাতা: গত ১১ ও ১২ জানুয়ারী যুব উৎসবে জেলাস্তরের প্রতিযোগিতায় 'সমবেত সঙ্গীত' বিভাগে ভারতীয় গণনাট্যসংঘ জঙ্গিপুর শাখা প্রথম স্থান লাভ ক'রে রাজ্যস্তরে অংশগ্রহণের অধিকার পেলো। উল্লেখ্য, সঙ্গীতে জেলাস্তরের প্রতিযোগিতায় বিজয়ীর সম্মান এর পূর্বে মহকুমার কোন দলই পায়নি।

ফ্রি সেলে নন লেভি এ সি সি
সিমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে
আমরা সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার

ইউনাইটেড ট্রেডিং কোং

প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গি: ২৫, রঘু ১৬৬

চালু আইসক্রীম ফ্যাক্টরী বিক্রয়

ফরাক্কা নিউ মার্কেটে একটি চালু আইসক্রীম ফ্যাক্টরী বিক্রয় আছে। নিম্নে যোগাযোগ করুন।

শিশিরকুমার সাহা
বিনয়শঙ্কর রোড
পোঃ ও জেলা মালদা

**Abridged tender notice no. 2 of 1986-87.**

Sealed tenders are invited in W. B. F. no. 2908 from enlisted Class-I contractors of I & W D. and bonafide outside contractors for supply of boulders by Executive Engineer, Ganga Anti Erosion Division, P. O. Raghunathganj, Dist. Murshidabad. The names of the works, estimated costs and earnest moneys are :—

1. Supply of boulders at mouza Dhusuripara ; Rs. 8,01, 370 ; Rs. 16, 027/-Gr. No.I
2. do do Group No. II ; Rs. 8,01, 370/ ; Rs. 16, 027/
3. do do „ III ; Rs. 8,01, 370/ ; Rs. 16, 027/
4. Supply of boulders at Miapur, Gr. No I ; Rs. 8, 16, 182/ ; Rs. 16, 324/
5. do do Group no. II ; Rs. 8, 16, 182/ ; Rs. 16, 324/
6. do do „ III ; Rs 8, 16, 182/ ; Rs. 16, 324/
7. do do „ IV ; Rs. 8, 16, 182/ ; Rs. 16, 324/

Other particulars may be hadf rom the office of the undersigned on any working day upto 4-00 p. m. The last date of application for purchasing tender form is 30. 1. 87 upto 1-00 P. M. The last date of receipt of tender is 5. 2. 87 upto 3-00 P. M.

Executive Engineer,
Ganga Anti Erosion Division.
P. O. Raghunathganj, Murshidabad.

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ।

## বিজ্ঞপ্তি

নাম—শ্রীপীযূষকান্তি দাস, পিতা শ্রীপ্রভাতকুমার দাস, সাং ফরিদপুর, থানা সুতী, জেলা মুর্শিদাবাদ। মৌজা—চৌকি. দাগ নং ৮৩, খতিয়ান নং ৫৯, পরিমাণ ৬ কাঠা।

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, উপরি বর্ণিত সম্পত্তি উল্লিখিত ব্যক্তি তাহার স্বত্ব দখলীয় সম্পত্তি বলিয়া দাবী করিতেছেন। এই ব্যাপারে কাহারো কোন আপত্তি থাকিলে এই বিজ্ঞাপন প্রকাশের সাত দিনের মধ্যে নিম্নলিখিত ব্যক্তির নিকট লিখিতভাবে আবেদন করিবেন। অন্যথায় উল্লিখিত সম্পত্তি উপরি বর্ণিত ব্যক্তির সম্পত্তি বলিয়া গণ্য হইবে।

ব্রাঞ্চ ম্যানেজার,
ষ্টেট ব্যাঙ্ক অফ্ ইণ্ডিয়া
ফরাক্কা শাখা

**নতুন ভবনের উদ্বোধন:** সাগরদীঘি—গত ৩ জানুয়ারী বিষ্ণুপুর প্রাঃ বিদ্যালয়ের নতুন ভবনের উদ্বোধন হয়। লুথারেন ওয়ার্ল্ড সার্ভিস ভবনটি নির্মাণের সম্পূর্ণ ব্যয় ভার বহন করেন। উক্ত উদ্বোধনী উৎসব শেষে বিষ্ণুপুর ইউথ ক্লাবের উৎসাহে ও সহযোগিতায় গ্রামের মানুষের মধ্যে একতা ও প্রীতির প্রসারকল্পে পংক্তি ভোজনের আয়োজন করা হয়। জাতিধর্ম নির্বিশেষে সকলে পংক্তিভোজে যোগদান করে।

# National Thermal Power Corporation Ltd.

NTPC

(A Government of India Enterprise)

## Farakka Super Thermal Power Project

P. O. Nabarun : MURSHIDABAD : WEST BENGAL

Sealed tenders are invited from experienced and registered contractor of NTPC/CPWD/Railways/WBSEB and Public Sector Undertakings for the following works. Tender documents can be had in person showing the registration and credentials from the office of the undersigned during working hours of the date mentioned for sale of documents on payment of cost of tender documents for the works. Tenderers desiring documents by post should sent Rs. 20/- (Rupees Twenty) only extra for the work either by I. P. O payable at Post Office, Khejuriaghat or Demand Draft in favour of 'National Thermal Power Corporation Ltd.' payable on State Bank of India at Farakka alongwith a copy of proof of registration and credentials.

The documents will be on sale from 27-1-87 to 16-2-87 from 9-00 to 12-00 hours and 14-30 to 16-00 hours. Tenders will be received upto the tender opening date and time as indicated below and will be opened immediately thereafter in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of works | Approx value of | Amt. of EMD Cost of tender paper | Completion period | Date and time of opening |
|---|---|---|---|---|---|
| 1. | Electrification of permanent stores building at plant site of FSTPP. NIT no. FS : 42 : CS : 934/T-5/87. | Rs. 0,35 Lakh | Rs. 700/- Rs, 25/- | Two months | 17-2-87 at 2 p. m. |
| 2. | Illumination of approach road connecting Training Centre complex with the main road of permanent township of FSTPP. NIT No. FS : 42 : CS : 1520/T-6/87. | Rs. 1,00 Lakh | Rs. 2,000/- Rs. 25/- | Five months | 17-2-87 at 2 p. m. |
| 3. | Electrification of Administrative Stores and offices at FSTPP. NIT no. FS : 42 : CS : 927/T-7/87. | Rs. 0,60 Lakh | Rs. 1200/- Rs. 25/- | Five months | 17-2-87 at 3 p. m. |

## Terms & Conditions :

1. Party must have valid electrical contractor's licence.
2. Proof of registration, latest tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining forms and should be submitted alongwith the tender.
3. Tenders received late and/or without earnest money will not be entertained. Adjustment of earnest money against running account bill is not acceptable and earnest money to be submitted in any of the acceptable form as mentioned in the tender paper. Tenderers registered with any other project of NTPC, are not exempted from depositing EMD. The tenders must be accompanied by requisite earnest money in prescribed form. Earnest money

Contd.

of............enclosed should clearly be written on the top of the envelope containing tender paper, failing which the tender(s) may not be opened and will be returned to the tenderer(s).

4. Interested parties are advised to visit site to familiarise with rhe site conditions.
5. NTPC takes no responsibility for delay or non-receipt of tender documents sent by post.
6. The authority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer and reserves the right to cancel any or all the offers without assigning any reason.

**Senior Engineer (Contracts)**
**FSTPP/NTPC**

### রহস্যজনক চুরি চলছে—চলবে

ধুলিয়ান ঃ সম্প্রতি রতনপুর কৃষি ঋণ দান সমবায় সমিতিতে এক রহস্যময় চুরি হয়। খবরে প্রকাশ, এবার চুরি যায় শুধুমাত্র হিসাবের খাতাপত্র। ইতিপূর্বে কয়েক দফা নগদ টাকা, কাপড় ও অন্যান্য জিনিষ এই সমবায় সমিতি থেকে চুরি হয়। স্থানীয় মানুষ এ চুরি আগের চুরিগুলি ঢাকতেই হয়েছে বলে সন্দেহ করেন। কেউ কেউ মন্তব্য করেন—সমবায় সমিতিগুলি দশের উপকার করতেই সরকার থেকে করা হয়। কিন্তু বর্তমানে দেখা যাচ্ছে সেগুলি আত্মীয় পোষণ, স্বজন তোষণের আখড়ায় পরিণত হয়েছে। ফলে রহস্যময় চুরি চলছে এবং চলবে।


ঝিমুনি রোগে রাতারাতি রমেশের পোলট্রির সব মুরগী মরে গেলেও ন্যাশনাল ইনস্যুরেন্সের বীমা থাকায় তার ব্যবসা বন্ধ হোল না

হ্যাঁ, আপনিও আপনার হাঁস-মুরগীর জন্য ন্যাশনালে বীমা করে নিশ্চিন্তে থাকতে পারেন

আজই আপনার পোলট্রি ন্যাশনাল ইনস্যুরেন্সে বীমা করিয়ে নিজেকে আর্থিক ক্ষতির হাত থেকে নিরাপদ করুন। কারণ আমাদের এই পলিসিতে টিকা দেওয়া সত্ত্বেও ফাউল পক্স পিজিয়ন পক্স, ম্যারেক্স, গামবোরো কিংবা হাঁস-মুরগীর অন্য কোন রোগে মৃত্যু এবং বন্যা, সাইক্লোন, দুর্ভিক্ষ অথবা হঠাৎ বিদ্যুতস্পৃষ্ট হওয়ার মতো দুর্ঘটনা ঘটলে যাবতীয় আর্থিক ক্ষতিপূরণের ব্যবস্থা আছে।

তবে পোলট্রির সব হাঁস-মুরগীর জন্যই বীমা করাতে হবে। এছাড়া, ডিম ফুটিয়ে মুরগীর বাচ্চা তৈরির হ্যাচারির জন্যও বীমার ব্যবস্থা আছে।



ন্যাশনালে ভরসা রাখুন নির্ভয়ে কাজ করতে থাকুন

ন্যাশনাল ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেড

(ভারতীয় সাধারণ বীমা নিগমের অধীনস্থ একটি সংস্থা)

*বিশদ বিবরণের জন্য আজই আপনার কাছাকাছি ন্যাশনাল ইনস্যুরেন্স অফিসের সঙ্গে যোগাযোগ করুন।*

CLARION C-NIC-11


### পৌরপিতা কর্মযজ্ঞে নামলেন

ধুলিয়ান ঃ সমস্যা থাকলেও স্থানীয় পৌরসভার পৌরপিতা সত্যদেব গুপ্ত শহরের নাগরিকদের স্বাচ্ছন্দ্যবিধানে উপযুক্ত পদক্ষেপ নিচ্ছেন বলে নাগরিকরা স্বীকার করেন। তাঁর প্রচেষ্টায় পৌরসভার পথ ঘাটের জঞ্জাল দূর হয়েছে। বাস ট্রাকের শহরে প্রবেশ নিয়ন্ত্রিত হয়েছে। বৈদ্যুতিক আলোর ব্যবস্থা প্রায় সব বাড়ীতেই ইতিমধ্যে হয়ে গেছে। জল সরবরাহের সমস্যা বর্তমানে আর নেই বললেই হয়। তবে হকারের সংখ্যা বেড়ে যাওয়ায় তাঁদের সুষ্ঠু পুনর্বাসনের প্রচেষ্টা চালাচ্ছে পুরসভা। পুরপতি জানালেন, সুষ্ঠু ব্যবস্থার পরিপ্রেক্ষিতে সুপার মার্কেট তৈরীর পরিকল্পনাও নেওয়া হয়েছে। এবং পুরবাসীদের বহুদিনের অভাব দূর করতে পুরসভা একটি অ্যাম্বুলেন্স কিনেছেন। ফলে প্রয়োজন হলে নামমাত্র ব্যয়ে রোগী স্থানান্তরের সুযোগ প্রতিটি পুরবাসী পাবেন বলে তিনি জানান। পুর শহরকে সুন্দর ও শ্রীমণ্ডিত করতে এবং জনসাধারণের বিভিন্ন অসুবিধা দূর করতে তিনি সংকল্পবদ্ধ। এক সাংবাদিক বৈঠকে দৃঢ় ভাবে এই কথা তিনি ঘোষণা করেন। এই প্রচেষ্টার ফলশ্রুতিতে ধুলিয়ান পুর শহরে বেশ কিছু প্রাথমিক স্কুল, আরো একটি মাধ্যমিক স্কুল, একটি হাসপাতাল ও টুরিষ্ট লজ তৈরী করা হবে।

### ডব্লু জি জেড ২২৩১ গাড়ী সরকারী না নিজের ?

সম্মতিনগর ঃ স্থানীয় বাজারে প্রায় দিন ডব্লু. জি, জেড ২২৩১ নম্বর গাড়ীটিকে দাঁড়িয়ে থাকতে দেখা যায়। যতদূর জানা যায়, গাড়িটি ফরাক্কা ব্যারেজ প্রকল্পের সরকারী গাড়ী। কিন্তু সম্মতিনগর বাজারে ব্যারেজ প্রকল্পের কোন কাজ চলছে বলে জানা নাই। চলতি মাসে বেশ কয়েকদিন গাড়ীটিকে বাজারের পাশে দেখা যায় বলে জনৈক ব্যক্তি জানান। তিনি বলেন, গাড়ীটি জঙ্গিপুর ব্যারেজ থেকে এ্যাফ্লাক্স বাঁধের রাস্তা দিয়ে বাজারে মাল সওদা করতে আসে। কেন্দ্রীয় সরকার যেখানে বছরে ব্যয়ভার হ্রাসের নানা পরিকল্পনা নিচ্ছেন সেখানে সরকারী তেল খরচ করে যত্রতত্র বাবুদের বাজার করার অধিকার দেওয়া হয়েছে কিনা সন্দেহ জাগে।

### ভারত সেবাশ্রম সঙ্ঘের ত্রিশূল উৎসব

জঙ্গিপুর : গত ১৫ জানুয়ারী ছোটকালিয়াই হিন্দু মিলন মন্দিরে ভারত সেবাশ্রম সঙ্ঘের পরিচালনায় ত্রিশূল উৎসব অনুষ্ঠিত হয়। উৎসব উপলক্ষে এক শোভাযাত্রা গঙ্গা থেকে জল এনে সেবাশ্রমের প্রতিষ্ঠাতা শ্রীমৎ স্বামী প্রণবানন্দের অভিষেক ও পূজারতি সম্পন্ন করে। অপরাহ্নে আশ্রমের রক্ষীদল কর্তৃক আত্মরক্ষামূলক ক্রীড়াকৌশল প্রদর্শিত হয়। সন্ধ্যায় বৈদিক শান্তিযজ্ঞ, ভজন, কীর্ত্তন ও চণ্ডীপাঠ শেষে পাঁচ শতাধিক ভক্তকে ভোগ বিতরণ করা হয়।

### শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির সম্মেলন

ধুলিয়ান : গত ১৮ জানুয়ারী ডাক বাংলা ইংলিশ স্কুলে মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির জঙ্গিপুর মহকুমা সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে মহকুমার বিভিন্ন প্রান্তের প্রায় ৭৫ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। মহকুমা কমিটির সভাপতি খাইরুল বাসার ও সম্পাদক দ্বারিকানাথ দাস অভ্যাগত প্রতিনিধিদের স্বতঃস্ফূর্ত্ত ভাবে অভ্যর্থনা জানান। সমিতির জেলা সম্পাদক এম, সিরাজ, রাজ্য সভাপতি তপন রায় চৌধুরী ও রাজ্য সম্পাদক সন্তোষ হাটুই সভায় উপস্থিত ছিলেন। বিভিন্ন বক্তা সরকারের ভ্রান্ত শিক্ষানীতি, ঢালাও পাশ প্রথা চালু, পঞ্চম শ্রেণী পর্যন্ত ইংরেজী বাতিল, পাঠ্যসূচী প্রণয়নে বাস্তবতাকে উপেক্ষা প্রভৃতি বিষয়ের বিরুদ্ধে তীব্র সমালোচনা এবং আগামীতে শিক্ষার বৃহত্তর স্বার্থে তীব্রতর ব্যাপক গণমুখী আন্দোলন গড়ে তুলতে আহ্বান জানান।

### মানুষকে হতাশ করেছে

(১ম পৃষ্ঠার পর)

তাঁদের উপেক্ষা করা হয়েছে। দর্শকদের অনেকের অভিযোগ—প্রদর্শনী চত্বরে রবীন্দ্রনাথের অনেক ভালো ভালো উদ্ধৃতি বাদ দিয়ে একপেশে প্রয়োজনভিত্তিক উদ্ধৃতি বেশী করে তুলে ধরা হয়েছে; যা অনেকের দৃষ্টিকটু মনে হয়েছে। এই অনুষ্ঠানে স্থানীয় সংস্কৃতিপ্রেমী অনেককেই এবং বেশ কিছু ক্লাব ও প্রতিষ্ঠানকে আমন্ত্রণ জানানো হয়নি। মোট কথা পরিচালন কর্তৃপক্ষ নিজেদের দলীয় প্রয়োজন মাফিক অনুষ্ঠান পরিচালনার চেষ্টা করেছেন বলে অনেকে মনে করেন। অনুষ্ঠানে ব্যয় হয়েছে প্রায় ৬০/৬৫ হাজার টাকা। জানা যায়, এই বিপুল সংখ্যক টাকার মোটা অংশ সংগ্রহ করা হয়েছে বড় ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলির কাছ থেকে, থানার ও, সি. ফুড সাপ্লায়ের কনট্রোলার, জে, এল, আর, ওর মাধ্যমে।

### সি পি এমের হামলা

(১ম পৃষ্ঠার পর)

দাম্ভিকতা নিয়ে তাদেরকে উচ্ছেদ করতে চাইছে। ১৭ জানুয়ারী তাদের লোকজনের উপর আক্রমণ চালায় ও ৪ জনকে আহত করে। এবং সম্পাদক ইউসুফ হোসেনকে ধরে রাখে। পুলিশী হস্তক্ষেপে পরে তাঁকে উদ্ধার করা হয়। তাঁরা আরো জানান—সি, পি, এমের ব্যবহারে সাধারণ মানুষের মোহভঙ্গ হচ্ছে এবং দলে দলে দল ত্যাগ করে তাঁদের দলে যোগ দিচ্ছেন। এই ব্যাপারে সি, পি, এম এখন মরিয়া হয়ে উঠেছে। সর্বশেষ খবরে জানা যায় পুলিশ উভয়পক্ষের বিরুদ্ধেই একটি করে মামলা দায়ের করেছে।

### বন্ধ রাখা হয়েছে

(১ম পৃষ্ঠার পর)

গ্রামবাসীরা ক্ষুব্ধ। তাঁরা সিদ্ধান্ত নেন, চেয়ারম্যানের এই আদেশ তুলে নেবার জন্য তাঁকে ঘেরাও করে বিক্ষোভ দেখাবেন। চেয়ারম্যানের সাথে টেলিফোনে এ ব্যাপারে যোগাযোগ করলে তিনি জানান—রাস্তার মাঝে মাঝে গর্তের সৃষ্টি হওয়ায় কাজ চলছে বলেই বর্তমানে ভারী ট্রাক চলাচল বন্ধ রাখা হয়েছে। কাজ শেষ হলেই বন্ধ তুলে নেওয়া হবে। ভাঙ্গন রোধের জরুরী প্রয়োজনের কথা চেয়ারম্যান পরমেশ পাণ্ডে আন্তরিকভাবে স্বীকার করেন।


যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে !
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর দুলুর দোকান
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

দাস ব্যাটারী কোং
প্রোঃ মদনমোহন দাস
ষ্টোরেজ ব্যাটারী ও ব্যাটারী প্লেট প্রস্তুতকারক
(১৫ মাসের গ্যারান্টি দেওয়া হয়)
উমরপুর, পোঃ ঘোড়শালা;
জেলা মুর্শিদাবাদ
ফোন : আর জি জি ১৫৫

সকলের প্রিয়
এবং
বাজারের সেরা
ভারত বেকারীর প্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ

বিয়ের মরশুমে প্রিয়জনকে শ্রেষ্ঠ উপহার একটি ষ্টীল আলমারি দেওয়ার কথা নিশ্চয়ই ভাবছেন। আসুন, "সেনগুপ্ত ফার্ণিচার হাউসে" আপনার পছন্দমত জিনিষটি দেখে নিন। প্রতিটি জিনিষেই পাবেন বিক্রয়োত্তর সেবা।
সেনগুপ্ত ফার্ণিচার হাউস
রঘুনাথগঞ্জ ( সদরঘাট ) মুর্শিদাবাদ





রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।